

প্রতি সেমিস্টারে পরীক্ষার ফল অভিভাবকের কাছে পাঠানো হবে -বাক্তবি উপচার্য

ବାକ୍ୟବି ପ୍ରତିନିଧି

১০ আগস্ট ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক **আমাদের মংস্তুক**

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকুবি) শিক্ষার্থীদের পড়াশোনার আরও মনোযোগী করতে এখন থেকে প্রতি সেমিস্টারে পরীক্ষার ফল এবং শ্রেণিকক্ষে উপস্থিতির হার অভিভাবকের কাছে পাঠানো হবে। যাতে তারা জানতে পারে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে কী করছে শিক্ষার্থীদের শৃঙ্খলাভঙ্গের কোনো অভিযোগ এলেও তা পাঠানো হবে। বলে জানিয়েছেন বাকুবির উপাচার্য অধ্যাপক ড. একে ফজলুল হক ডুইয়া। তিনি আরও বলেন, বিশ্ব প্রতিযোগিতাগৰ্ণ বাজারে টিকে থাকা এবং দেশকে খাদ্য স্বয়ংসম্পূর্ণ করতে দক্ষ কৃষিবিদ হয়ে গড়ে উঠতে হবে। এ জন্য পড়াশোনার বিকল্প নেই।

গতকাল শনিবার দুপুরে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষের শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনে তিনি এসব কথা বলেন। এ সময় নবীন এক হাজার ১১৬ শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় সম্পর্কিত একটি বই এবং রাজনীগতার ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়। আগামীকাল সোমবার থেকে তাদের ক্লাস শুরু হবে।

বাকুবির ছাত্রবিষয়ক উপদেষ্টা ও নবীনবরণ কর্মসূচি প্রণয়ন এবং বাস্তবায়ন কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. শহীদুল হকের সভাপতিত্বে এবং সহযোগী ছাত্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মো. মোহাম্মদ সাইফুল্লাহর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অভিযন্তা ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এসএমএ ফায়েজ ও প্রধান পঞ্চপোষক ছিলেন বাকুবি উপাচার্য অধ্যাপক ড. একে ফজলুল হক ভুঁইয়া।